

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়ের অফিস
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.১৯.১৬৩

তারিখ ১৩ পৌষ ১৪২৬

২৮ ডিসেম্বর ২০১৯

বাজার তদারকির তথ্য

বিষয়: ২৮ ডিসেম্বর ২০১৯ খ্রি: তারিখে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকির তথ্য।

ঝিনাইদহ সদর উপজেলায় ০৩ টি প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সুচন্দন মন্ডল এর নেতৃত্বে ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী বাজারে তদারকি করা হয়। এসময় দোকানে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ ও বিক্রয় করার অপরাধে মেডিসিন হাউজ কে ২০০০/- (দুই হাজার) টাকা ও বিশ্বাস ফার্মেসি কে ৪০০০/- (চার হাজার) টাকা এবং সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে সার বিক্রয়, মেয়াদ উত্তীর্ণ বালাইনাশক বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ ও বিক্রয় এবং মূল্য তালিকা না থাকার অপরাধে পিন্টু ট্রেডার্স কে ১০০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১৬০০০/- (ষোলো হাজার) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের বাজার তদারকিকালে ০৮ (আট) টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। সাধারণ ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়। সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব এম এ কবীর, সদস্য, ক্যাভ, ঝিনাইদহ ও নিরাপত্তার দায়িত্ব পালন করেন ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

২৮-১২-২০ ১৯

সুচন্দন মন্ডল

সহকারী পরিচালক

ফোন: ০৪৫১-৬১৫৫০

ইমেইল: ad-

jhenaidah@dnocrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ২) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়।
- ৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সম্পাদক/বার্তা সম্পাদক,, ঝিনাইদহ (আপনার বহুল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৬) অফিস কপি।